

আন-নামল | An-Naml | النمل

আয়াতঃ ২৭ : ৩৫

আরবি মূল আয়াত:

وَإِنِّي مُرْسِلَةٌ إِلَيْهِمْ بِهَدِيَّةٍ فَنظِرَةٌ بِمَ يَرْجِعُ الْمُرْسَلُونَ ﴿٣٥﴾

অনুবাদসমূহ:

‘আর নিশ্চয় আমি তাদের কাছে উপটোকন পাঠাচ্ছি, তারপর দেখি দূতেরা কী নিয়ে ফিরে আসে’। — আল-বায়ান

আমি তাঁর কাছে উপটোকন পাঠাচ্ছি, তারপর দেখি, দূতেরা কী (জবাব) নিয়ে আসে।’ — তাইসিরুল

আমি তাদের নিকট উপটোকন পাঠাচ্ছি, দেখি দূতেরা কি বার্তা নিয়ে ফিরে আসে! — মুজিবুর রহমান

But indeed, I will send to them a gift and see with what [reply] the messengers will return." — Sahih International

৩৫. আর আমি তো তাদের নিকট উপটোকন পাঠাচ্ছি, দেখি, দূতেরা কী নিয়ে ফিরে আসে।(১)

(১) বিলকীস সুলাইমান আলাইহিস সালামকে পরীক্ষা করার মনস্থ করলেন। তিনি কি নবী নাকি আধিপত্যবাদী অর্থালিঙ্গু কোন অত্যাচারী শাসক। তিনি আল্লাহর নির্দেশ পালনকে বেশী গুরুত্ব দেন নাকি আধিপত্য বিস্তারের গুরুত্ব তার কাছে বেশী। এই পরীক্ষা দ্বারা বিলকিসের লক্ষ্য ছিল এই যে, বাস্তবিকই তিনি নবী হলে তার আদেশ পালন করা হবে এবং বিরোধিতামূলক কার্যক্রম গ্রহণ করা হবে না। পক্ষান্তরে যদি তিনি আধিপত্যবাদের নেশায় আমাদেরকে দাসে পরিণত করতে চান, তবে তার মোকাবেল কিভাবে করা হবে, সে সম্পর্কে চিন্তা করা হবে। [দেখুন: ইবন কাসীর]

এ পরীক্ষার জন্য তিনি সুলাইমান ও তার সভাষদদের জন্য কিছু উপটোকন পাঠালেন। যদি তিনি উপটোকন পেয়ে সন্তুষ্ট হয়ে যান, তবে বোঝা যাবে যে, তিনি একজন সম্রাটই। পক্ষান্তরে তিনি নবী হলে ইসলাম ও ঈমান ব্যতীত কোন কিছুতেই সন্তুষ্ট হবেন না। [কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩৫) আমি তার নিকট উপটোকন পাঠাচ্ছি; দেখি, দূতেরা কি উত্তর আনে।’ [1]

[1] এর দ্বারা অনুমান করা যাবে যে, তিনি পৃথিবীর নিছক কোন রাজা-বাদশা, নাকি আল্লাহর প্রেরিত রসূল। যাঁর উদ্দেশ্য আল্লাহর দ্বীনের বিজয়। পক্ষান্তরে যদি উপহার গ্রহণ না করেন, তাহলে নিঃসন্দেহে তাঁর উদ্দেশ্য দ্বীনের প্রচার-প্রসার। তখন আমাদের তাঁর অনুসরণ করা ছাড়া অন্য উপায় থাকবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3194>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন